

বিড়লা গোষ্ঠীর দান উৎসব

নিজস্ব প্রতিনিধি: কলকাতা, ২রা অক্টোবর— যারা সমাজের অভাবী ও দুঃস্থ মানুষের জন্য কিছু সাহায্য দিতে তৈরি তাঁদের সম্মান জানাবে এম পি বিড়লা গ্রুপ। দান উৎসবের সঙ্গে যুক্ত এম পি বিড়লা গ্রুপ সেই সাহায্যকারী সহৃদয়ের মানুষদের দান উৎসব-২০১৮'তে পুরস্কারে ভূষিত করবে। প্রতি বছর ২রা থেকে-৮ই অক্টোবর এই উৎসব পালিত হয়। কোনও ব্যক্তি বিশেষ বা স্বেচ্ছাসেবী সংগঠনকে নানাভাবে কেউ সাহায্য দিতে পারেন যাতে গরিব অভাবী মানুষদের সেসব কাজে লাগে। তা অর্থ হতে পারে অথবা কোনও জিনিসপত্রও হতে পারে। এম পি বিড়লা গ্রুপ এই উৎসবের সঙ্গে যুক্ত হয়ে সেইসব সাহায্যকারীদের পুরস্কৃত করার অঙ্গীকার করেছে। এবং এই দান উৎসবে ভারতের সকল সহৃদয়যুক্ত মানুষকে যোগ দেওয়ার আহ্বান জানাচ্ছে।